গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

## টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত জুলাই/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৩ জুলাই ২০২৩/ ৮ শ্রাবণ ১৪৩০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

১) জুন/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | জুন/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২৫/০৬/২০২৩ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জুন/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

২) জুন/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | এ মাসের সভায় আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, পদোন্নতির প্রক্রিয়া চলমান আছে। ইতোমধ্যে বিগত ০৮/০৬/২০২৩ খ্রি., ১১/০৬/২০২৩ খ্রি. ও ১৭/০৬/২০২৩ খ্রি. তারিখে বিভিন্ন ক্যাটাগরিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আগামী ০৮/০৭/২০২৩ তারিখে আরো একটি ক্যাটিগরিতে পদোন্নতির জন্য পরীক্ষার দিন নির্ধারিত আছে।<br><br>বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) | বিগত ০৮/০৭/২০২৩ খ্রি. তারিখে পদোন্নতির পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। | সভায় জানানো হয় যে, পদোন্নতি সংক্রান্ত পরীক্ষাসমূহের ফলাফল ইতোমধ্যে পাওয়া গিয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পদোন্নতি সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে সৃষ্ট জটিলতা নিরসন হলে ডিপিসি'র সভার আয়োজন করা হবে।<br><br>সিদ্ধান্ত: পদোন্নতি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি প্রস্তুত করে রাখতে হবে যাতে উক্ত জটিলতা নিরসন হলে দ্রুততম সময়ের মধ্যে পদোন্নতি প্রদান করা যায়। |

৩) জুলাই/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) | টেলিযোগাযোগ অধিদপ্তরের (ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নিয়ে পর্যালোচনা<br>(খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নিয়ে আলোচনা | সভায় উপপরিচালক (অন্যান্য সংস্থা) জানান যে, এপিএ এর মোট মূল্যায়নযোগ্য নম্বর ৭০, যার মধ্যে সিস্টেমের মূল্যায়ন মোতাবেক টেলিযোগাযোগ অধিদপ্তর ৬৯.৬৫ নম্বর অর্জন করেছে। তবে এই মূল্যায়নের উপরে পিটিডি চুড়ান্তভাবে মূল্যায়ন করবে। পর্যালোচনায় দেখা যায় যে, সিটিডিআর সেন্টারে ব্যবস্থা গ্রহনের জন্য যেসকল অনুরোধ প্রেরণ করা হয়েছিল যার সবগুলি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। যার ফলে নির্ধারিত ১০ নম্বরের মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর ৯.৬৫ নম্বর অর্জন করেছে।<br><br>সিদ্ধান্ত: চলতি বছরের এপিএ বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দেয়ার জন্য মহাপরিচালক মহোদয় সকলকে নির্দেশনা দেন। এছাড়া স্বাক্ষরিত এপিএ টি অধিদপ্তরের উপপরিচালক পর্যায় পর্যন্ত সকল কর্মকর্তার নিকট প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | টেলিযোগাযোগ অধিদপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | পদোন্নতি সংক্রান্ত | জনপ্রশাসন মন্ত্রণালয়ের পদোন্নতি সংক্রান্ত আদেশের প্রেক্ষিতে সৃষ্ট জটিলতা নিরসনে প্রয়োজনীয় নির্দেশনা চেয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়। | পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রে পদোন্নতি বিষয়ে কিছু অস্পষ্টতা থাকায় বর্তমানে পদোন্নতি কমিটির সভা আহবান করা যাচ্ছে না। বিষয়টি সুরাহার জন্য ইতোমধ্যে পিটিডি'তে পত্র প্রেরণ করা হয়েছে। মহাপরিচালক মহোদয় বিষয়টি পিটিডি'র সমন্বয় সভায় উত্থাপন করবেন মর্মে সভায় অবহিত করেন। | |
| ৩ | প্রকল্প বিষয়ক আলোচনা | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতায় চলমান প্রকল্পসমূহের বিষয়ে প্রকল্প পরিচালকদের বক্তব্য উপস্থাপন | ১। সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৩ সাল পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।<br><br>২। সিটিডিআর ফেইজ-২ প্রকল্প থেকে জানানো হয় যে, প্রকল্পের মূল যন্ত্রপাতি ক্রয় প্যাকেজের জন্য এলসি খোলা হয়েছে, এবং বীমা করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। বীমা সম্পন্ন হলে যন্ত্রপাতি বিদেশ থেকে বাংলাদেশে প্রেরণের প্রক্রিয়া আরম্ভ হবে। ইতোমধ্যে ফ্যাক্টরি টেষ্ট সম্পন্ন হয়েছে। আগষ্ট ২০২৩ মাসের মধ্যে যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন হবে বলে প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন।<br><br>সিদ্ধান্ত: আগষ্ট ২০২৩ মাসের মধ্যে সকল স্থাপনকাজ সমাপ্ত করতে হবে।<br><br>৩। সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প থেকে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে ৩১ মার্চ ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হযেছে। সমীক্ষা প্রতিবেদনের জন্য বুয়েটের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। Inception Report আগামী এক মাসের মধ্যে বুয়েট জমা দিবে বলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। | সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | জুন/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ৩২টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন। পিআরএল মঞ্জুরির ৩৮টি আবেদনের ৩টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৫১টি আবেদনের মধ্যে মাসান্তে ১৭টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১১৮ টি জিপিএফ আবেদনের মধ্যে ১৯টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৯১টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৫৮টি। প্রক্রিয়াধীন আছে ৩৩টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তির ৮টি আবেদনের মধ্যে ৪টি আবেদন প্রক্রিয়াধীন আছে। ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৫৩

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০
২৫ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) অফিস কপি

মোঃ মফিজ উদ্দিন
পরিচালক